দৈনিক ইত্তেফাক

তারিখ 05 MAY 1993
পৃষ্ঠা ... কলাম ...

# পরীক্ষা বিচিত্রা

টাঙ্গাইল সংবাদদাতা ।। গত ১৯শে এপ্রিল এসএসসি পরীক্ষার প্রথম দিনে শহরের বিন্দুবাসিনী সরকারী উচ্চ বালিকা বিদ্যালয় কেন্দ্রে পরীক্ষা চলাকালে একজন পরীক্ষার্থিনীর প্রসব বেদনা শুরু হইলে তাহাকে টাঙ্গাইল জেনারেল হাসপাতালে স্থানান্তরিত করা হয়। সেখানে তিনি একটি কন্যা সন্তান প্রসব করেন। আইরীন পারভীন নাম্নী এই পরীক্ষার্থিনী টাঙ্গাইল সদর থানার কচুয়াডাঙ্গার মোহাম্মদ সেলিমের স্ত্রী। এটা তাহাদের প্রথম সন্তান। তিনি বর্তমানে 'সিক বেডে' পরীক্ষা দিতেছেন।

মাগুরা সংবাদদাতা ।। চলতি

(৪র্থ পৃঃ দ্রঃ)

## পরীক্ষা বিচিত্রা

(৩য় পৃঃ পর)

এস,এসসি পরীক্ষার্থিনী জনৈক রওশন আরা (১৮) বাংলা প্রথম পত্র পরীক্ষার দিনে মাগুরা একাডেমী কেন্দ্রে এক পুত্র সন্তানের জননী হন। এটাই তাহার প্রথম সন্তান। রওশনআরা অন্য পরীক্ষাগুলি পৃথকভাবে বিছানাতে শোয়া অবস্থা চালাইয়া যাইতেছে। প্রাইভেট পরীক্ষার্থী রওশন আরার স্বামী টিএণ্ডটি বিভাগে চাকুরী করেন।

### পরীক্ষার্থী ছুরিকাহত

নাটোর সংবাদদাতা ।। এসএসসি পরীক্ষার্থী বড়াইগ্রাম থানার পূর্ণকলস গ্রামের তৌফিকুল ইসলামকে গত ২২শে এপ্রিল রাত্রে কতিপয় তরুণ ছুরিকাঘাত করিয়া আহত করে। পুলিশ সূত্রে জানা যায়, তৌফিকুল পরীক্ষা দেওয়ার জন্য বনপাড়া মিশন স্কুলের পার্শ্ববর্তী একটি বাড়ীতে আশ্রয় নেয়। ঘটনার রাত্রে একদল তরুণ অস্ত্রের ভয় দেখাইয়া তাহাকে অপহরণ করে এবং পার্শ্ববর্তী বাগানে লইয়া যাইয়া ছুরিকাঘাত করিতে থাকে। তাহার চিৎকারে লোকজন ছুটিয়া আসিলে আক্রমণকারীরা পালাইয়া যায়। তৌফিকুলকে আশংকাজনক অবস্থায় নাটোর সদর হাসপাতালে ভর্তি করা হয়। এ ব্যাপারে বড়াইগ্রাম থানায় একটি মামলা রুজু করা হইয়াছে।

### পরীক্ষার্থীর কারাদণ্ড

কিশোরগঞ্জ সংবাদদাতা ।। পরীক্ষা কেন্দ্রে বিশৃঙ্খলা সৃষ্টির দায়ে একজন এস, এস, সি পরীক্ষার্থীকে তিন মাসের কারাদণ্ড প্রদান করা হইয়াছে। গত ২৮শে এপ্রিল কটিয়াদি থানা ম্যাজিস্ট্রেট শেখ মুজিবর রহমান এস, এস, সি পরীক্ষার্থী আবদুর রহমানকে উক্ত দণ্ডাদেশ প্রদান করেন। প্রকাশ, ধর্ম পরীক্ষার দিনে কটিয়াদি হাইস্কুল কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে হল হইতে বহিষ্কারকে কেন্দ্র করিয়া পরীক্ষাশেষে কতিপয় পরীক্ষার্থী হকিষ্টিক নিয়া কেন্দ্রে বিশৃঙ্খলা সৃষ্টির প্রয়াস চালায়। পুলিশ পরীক্ষার্থী আবদুর রহমানকে হাতেনাতে ধরিয়া ফেলে। পরে তাহাকে 'সামারী কোর্টে' হাজির করা হইলে ম্যাজিস্ট্রেট এই দণ্ড প্রদান করেন।

### পরীক্ষার্থীরা বিপাকে

গাইবান্ধা সংবাদদাতা ।। পরীক্ষার মাত্র কয়েক দিন পূর্বে বোর্ড হইতে কেন্দ্র পরিবর্তন করায় সুন্দরগঞ্জ থানার বাজারপাড়া হাইস্কুলের ছাত্রছাত্রীরা এস এস সি পরীক্ষা দেওয়ার ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হইতেছে।

বাজারপাড়া হাইস্কুলের ছাত্র-ছাত্রীরা দীর্ঘদিন যাবৎ নিজ থানা সুন্দরগঞ্জ কেন্দ্রে পরীক্ষা দিয়া আসিতেছিল। কিন্তু হঠাৎ করিয়া এস,এস,সি পরীক্ষার মাত্র কয়েকদিন পূর্বে রাজশাহী বোর্ড কর্তৃপক্ষ এই স্কুলের ছাত্র-ছাত্রীদের সাদুল্লাপুর থানার নলডাংগা উপকেন্দ্রে পরীক্ষা দেওয়ার নির্দেশ দেয়। বাজারপাড়া এলাকা হইতে সুন্দরগঞ্জের দূরত্ব যেখানে ৩ মাইল, সেখানে নলডাংগার দূরত্ব ৫/৬ মাইল। প্রধান শিক্ষক জানান, কেন্দ্র পরিবর্তনের ব্যাপারে তিনি কিছুই জানেন না।

শিক্ষা বিভাগের একটি সূত্র জানায়, এক থানার স্কুল যাহাতে অন্য থানা কেন্দ্রের সঙ্গে সংশ্লিষ্ট না হয় এ ব্যাপারে শিক্ষা বিভাগের সুস্পষ্ট নির্দেশ রহিয়াছে।

### ভুয়া পরীক্ষার্থী গ্রেফতার

সিলেট অফিস ।। গত বৃহস্পতিবার স্থানীয় সরকারী পাইলট উচ্চ বালক বিদ্যালয়ে এস,এস,সি পরীক্ষা চলাকালে নজরুল ইসলাম নামে একজন ভুয়া পরীক্ষার্থী ধরা পড়ে। পরীক্ষা কেন্দ্র সূত্রে জানা যায়, ঐদিন বিকালে সমাজ বিজ্ঞান পরীক্ষা চলাকালে গোপনসূত্রে খবর পাইয়া প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট এ এস এম জাহাঙ্গীর চৌধুরী নজরুলকে পরীক্ষার হল হইতে গ্রেফতার করেন। সে ম্যাজিস্ট্রেটের নিকট লিখিত স্বীকারোক্তিতে জানায় তাহার ফুফাত ভাই প্রাইভেট এস এস সি পরীক্ষার্থী মোঃ দেলোয়ার হোসেনের পক্ষে সে টেষ্ট পরীক্ষা হইতে এস এস সি পরীক্ষার সপ্তমদিন পর্যন্ত সকল পরীক্ষায় অংশগ্রহণ করে। সে গত বৎসর প্রথম বিভাগে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হইয়া বর্তমানে সরকারী এম, সি, কলেজে অধ্যয়ন করিতেছে। তাহার বাড়ী সিলেট সদরের সিলাম ইউনিয়নের টিকরপাড়া গ্রামে। কোতয়ালী থানায় মামলা দায়ের করা হয়।